

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর  
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭  
(সেন্ট্রাল ইনভেস্টিগেশন শাখা)  
[www.dip.gov.bd](http://www.dip.gov.bd)


স্মারক নং: ৫৮.০১.০০০০.২০৪.৯৯.০০১.২০২১ - ২১০৬

তারিখ: ২৫ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ।  
০৮ মে, ২০২৩ খ্রিস্টাব্দ।

### অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সেন্ট্রাল ইনভেস্টিগেশন (CI) শাখায় AFIS/Demographic /ABIS Failed সংক্রান্ত প্রেরিত পত্রের সংযুক্তিতে প্রায়শই প্রয়োজনীয় প্রমাণকের ঘাটতি থাকে। এ কারণে উক্ত আবেদনসমূহ যথাসময়ে নিষ্পত্তিতে জটিলতার সৃষ্টি এবং বিলম্ব হয়। এর প্রেক্ষিতে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন সকল বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আঞ্চলিক পাসপোর্ট অফিস এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে আবেদনকৃত ই-পাসপোর্ট আবেদনের ক্ষেত্রে Multiple Active Passport-জনিত ABIS Failed সংক্রান্ত আবেদনের সমাধানকল্পে প্রবান কার্যালয়ের Central Investigation (CI) শাখায় প্রেরিত পত্রের সাথে যথাযথ প্রমাণক ও আনুষঙ্গিক কাগজপত্র (Supporting Document যেমন: অধোস্থিত MRP-এর মূল কপি, Lost বা হারানো পাসপোর্টের ক্ষেত্রে GD-এর মূল কপি, অস্বীকারনামা, NID এর ফটোকপি এবং অফিস প্রবান কর্তৃক স্বাক্ষরিত NID এর Online verified Copy, Delivery Slip Copy, প্রযোজ্য ক্ষেত্রে JSC/JDC/SSC/সমমানের সনদপত্র এবং পুলিশি প্রতিবেদন) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

- ২। Multiple Active জনিত হারানো MRP-এর ক্ষেত্রে নির্দিষ্ট MRP এর EID-Terminte/Revoked সম্পন্ন হলে সংশ্লিষ্ট DPVO/RPO/FM কর্তৃক আবশ্যিকভাবে Lost Circular জারীপূর্বক ই-পাসপোর্ট আবেদনের বিপরীতে Upload করতে হবে।
- ৩। উপযুক্ত প্রমাণক ব্যতিরেকে প্রেরিত উক্তরূপ আবেদনসমূহ চূড়ান্ত প্রক্রিয়ায়নের (Final Processing) ক্ষেত্রে বিবেচ্য হবে না।
- ৪। তৎপ্রেক্ষিতে, উক্ত নির্দেশনার আলোকে পূর্নঙ্গ তথ্যাদি ও যথাযথ প্রমাণকসহ প্রবান কার্যালয়ে পত্র প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।
- ৫। বিষয়টি অতীব জরুরী।

  
- 08/05/2023  
(মোঃ নূরুল হুদা)  
উপপরিচালক  
(সেন্ট্রাল ইনভেস্টিগেশন শাখা)  
মহাপরিচালকের পক্ষে।  
reissue@passport.gov.bd

### বিতরণ (কার্যার্থে):

- ১। মান্যবর রাষ্ট্রদূত/হাইকমিশনার, বাংলাদেশ মিশন (সকল)।
- ২। পরিচালক/উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস (সকল)।
- ৩। উপপরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস (সকল)।

### অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন)/(মাসব্য ও অর্থ), পরিচালক (প্রশাসন ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ই-৭, আগারগাঁও, ঢাকা।
- ৩। সংশ্লিষ্ট নথি।